# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2019

## CC5-BENGALI

Time Allotted: 2 Hours Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'মনসামঙ্গল' কাব্যে অনিরুদ্ধ ও ঊষা'র প্রকৃত পরিচয় কী ছিল ? শিবের অভিশাপে তাঁরা মর্ত্যে কোন্ নামে জন্মগ্রহণ করেন ?

(খ) কেতকাদাস ক্ষেমানন্দ নিজেকে কেতকার দাস বলেছেন কেন ? তাঁর কাব্যের রচনাকাল উল্লেখ করো।

(গ) 'চণ্ডীমঙ্গল' কাব্যে কয়টি কাহিনীর সন্নিবেশ ঘটেছে ? সেগুলি কি কি ? মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের নাম কি ?

(ঘ) "মাপে কোণে দিয়া দড়া পনর কাঠায় কুড়া
নাহি শুনে প্রজার গোহারি।।"
—'গোহারি' শব্দের অর্থ কী ? উদ্ধৃতাংশটির অর্থগত তাৎপর্য লেখো।

(ঙ) 'চৈতন্যলীলার ব্যাস' কাকে বলা হয় ? কেন এই কবিকে এরূপ বলা হয় ?

(চ) চৈতন্যদেবের প্রথম পত্নীর নাম কী ছিল ? তাঁর মৃত্যুতে চৈতন্যদেবের প্রতিক্রিয়া কেমন ছিল ?

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) কেতকাদাস ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যের অনুসরণে জালু-মালু চরিত্র দুটির গুরুত্ব বুঝিয়ে দাও।

(খ) "মনস্তাপ পায় তবু না নোয়ায় মাথা।
বলে চেঙ্গমুড়ি বেটী কিসের দেবতা।।"
—উদ্ধৃতাংশের মধ্য দিয়ে উদ্দিষ্ট ব্যক্তির চরিত্রের কী পরিচয় পাওয়া যায় ?

(গ) 'বারোমাস্যা' কাকে বলে ? মুকুন্দ চক্রবর্তীর কাব্যে 'ফুল্লরার বারোমাস্যা' বর্ণনার গুরুত্ব বিশ্লেষণ করো।

(ঘ) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যে মুরারী শীল চরিত্রটির বৈশিষ্ট্য আলোচনা করো।

(ঙ) 'চৈতন্যভাগবত' গ্রন্থ অনুসারে চৈতন্যদেবের বিদ্যাশিক্ষার পরিচয় দাও।

(চ) 'চৈতন্যভাগবত' গ্রন্থ অবলম্বনে নিত্যানন্দের পরিচয় দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২= ২৪

(ক) কেতকাদাস ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্য অবলম্বনে 'মনসা' চরিত্রটি বিশ্লেষণ করো।

(খ) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যে 'কালকেতুর গুজরাট নগর পত্তন' বর্ণনার মধ্য দিয়ে যে বাস্তব দৃষ্টিভঙ্গির পরিচয় পাওয়া যায়, তা আলোচনা করো।

(গ) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যে উপন্যাস ধর্ম কীরূপে ধরা পড়েছে— আলোচনা করে বুঝিয়ে দাও।

(ঘ) 'চৈতন্যভাগবত' কাব্য অবলম্বনে চৈতন্যদেবের আবির্ভাবকালে তৎকালীন বঙ্গদেশের যে সামাজিক ও সাংস্কৃতিক অবস্থার পরিচয় পাওয়া যায়, তা আলোচনা করো।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2019

## CC6-BENGALI

Time Allotted: 2 Hours — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ — ৩×৪ = ১২

(ক) দল কাকে বলে ? দল কত প্রকার ও কি কি ? প্রত্যেক প্রকার ছন্দের উদাহরণ দাও।

(খ) ছেদ ও যতির পার্থক্য উদাহরণসহ লেখো।

(গ) দলবৃত্ত, কলাবৃত্ত ও মিশ্রকলাবৃত্ত ছন্দের মাত্রা গণনা রীতি লেখো।

(ঘ) হাথক দরপণ মাথক ফুল।
নয়নক অঞ্জন মুখক তাম্বুল।।
হৃদয়ক মৃগমদ গীমক হার।
দেহক সরবস গেহক সার।।

(ঙ) বিরোধ মূলক অলঙ্কার কাকে বলে ? এর দুটি শ্রেণীর উল্লেখ করো।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ — ৬×৪ = ২৪

(ক) পয়ারের শোষণ শক্তি বলতে কি বোঝো ? উদাহরণসহ বিশ্লেষণ করো।

(খ) বাংলা ছন্দে রবীন্দ্রনাথের অবদান আলোচনা করো। ছন্দ বিষয়ে রবীন্দ্রনাথের একটি গ্রন্থের নাম লেখো। — ৫+১

(গ) ছন্দের যাদুকর কে ? কে তাঁকে এই অভিধায় ভূষিত করেন ? তাঁর ছন্দ সম্পর্কিত গ্রন্থের নাম লেখো। বাংলা ছন্দে তাঁর অবদান সংক্ষেপে লেখো। — ১+১+১+৩

(ঘ) দৃষ্টান্তসহ পার্থক্য নির্ণয় করোঃ — ৩×২ = ৬
যমক ও শ্লেষ; নিশ্চয় ও অপহ্নুতি।

(ঙ) উদাহরণসহ টীকা লেখোঃ — ৩×২ = ৬
ভ্রান্তিমান, বৃত্ত্যনুপ্রাস।

(চ) অনুপ্রাস অলঙ্কার কাকে বলে ? এর শ্রেণী বিভাগগুলি উদাহরণসহ উল্লেখ করো। — ২+৪

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ — ১২×২ = ২৪

(ক) দলবৃত্ত ছন্দ কাকে বলে ? কোন কোন ছান্দসিক এই ছন্দের কি কি নামকরণ করেছেন ? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(খ) ছন্দোলিপি প্রস্তুত করোঃ — ৬×২ = ১২

(i) কুয়াশা যখন কাটলো তখন রাতের ঘুম কি।
ঘাসের শাড়িতে তাই দেখলুম শালুক ফুলের চুমকি।

(ii) মন্দির বাহির কঠিন কপাট।
চলইতে শঙ্কিল পঙ্কিল বাট।।
তঁহি অতি দূরতর বাদর দোল।
বারি কি বার ই নীল নীচোল।।

(গ) রূপক অলঙ্কার কাকে বলে উদাহরণসহ লেখো। এই অলঙ্কারের শ্রেণীবিভাগগুলি দৃষ্টান্তসহ পরিচয় দাও। ৪+৮

(ঘ) ব্যাখ্যাসহ অলঙ্কার নির্ণয় করোঃ ৬+৬

(i) দেখো নাকি হায় বেলা পড়ে যায়
শেষ হয়ে এলো দিন
বাজে পূরবীর ছন্দে রবির শেষ রাগিনীর বীণ।

(ii) আনিয়াছি ছুরি তীক্ষ্ণ দীপ্ত প্রভাত রশ্মি সম।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2019

## CC7-BENGALI

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　৩×৪ = ১২

(ক) 'বীরাঙ্গনা কাব্যে' মধুসূদন কতগুলি পত্রিকা লেখার পরিকল্পনা করেছিলেন ? পরিশেষে কতগুলি পত্র কাব্যে স্থান পেয়েছিল ? কাব্যটি কোন্ পাশ্চাত্য কবির আদর্শে রচিত ?

(খ) 'সোনার তরী' কাব্যের প্রকাশকাল উল্লেখ করে এই কাব্যের প্রথম ও শেষ কবিতা দুটির নাম লেখো।

(গ) 'এষা' শব্দের অর্থ কী ? আলোচ্য কাব্যের পর্বগুলির নাম লেখো।

(ঘ) 'আলো ও ছায়া' কাব্যের প্রকাশকাল উল্লেখ করো। কামিনী রায়ের রচিত অন্য দুটি কাব্যের নাম লেখো।

(ঙ) 'সোনার তরী' কাব্যে মর্ত্যপ্রীতি তথা বিশ্বানুভূতির প্রকাশ ঘটেছে; এমন তিনটি কবিতার নাম উল্লেখ করো।

(চ) 'বীরাঙ্গনা কাব্য'টি কাকে উৎসর্গ করা হয়েছিল ? এবং এই উৎসর্গের মূলে কবির কোন্ উদ্দেশ্য ক্রিয়াশীল ছিল ?

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　৬×৪ = ২৪

(ক) পত্রকাব্য হিসাবে 'বীরাঙ্গনা'র বিশিষ্টতার পরিচয় দাও।

(খ) 'সোনার তরী' কাব্যের নামকবিতার একটি রসগ্রাহী আলোচনা করো।

(গ) শোককাব্য হিসেবে 'এষা'র সার্থকতা যাচাই করো।

(ঘ) "নিঃশ্বাস ফেলি রহে আঁখি মেলি
কহে ম্রিয়মাণ মন
শশী নাহি চাই যদি ফিরে পাই
আরবার এ জীবন"
—কবি ও কবিতার নাম সহ উদ্ধৃতাংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(ঙ) মধুসূদনের 'তারা' পুরাণের 'তারা' চরিত্র থেকে অনেকটাই আলাদা— আলোচনা করো।

(চ) 'আলো ও ছায়া' কাব্যের মৌলিকত্ব কোথায় তা নিজের ভাষায় বিবৃত করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　১২×২= ২৪

(ক) 'বীরাঙ্গনা কাব্যে'র জনা ও কেকয়ী মাতৃ চরিত্র দুটির তুলনামূলক আলোচনা করো।

(খ) রবীন্দ্র-কাব্য ধারায় 'সোনার তরী'র স্থান নির্ণয় করো।

(গ) 'মানবীর তরে কাঁদি,-যাচি না দেবতা।'
—'এষা' কাব্যে কবির এই ব্যাকুলতা কতখানি সত্য হয়ে উঠেছে তা পর্যালোচনা করো।

(ঘ) 'আলো ও ছায়া' কাব্যে কবির মানসিকতা যে ভাবে ফুটে উঠেছে, তার স্বরূপ আলোচনা করো।

——×——